গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।
www.harirampur.manikganj.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।

সভার তারিখ ও সময় : ৩০ অক্টোবর ২০২৩ সকাল ১১:০০ টা।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<u>সেপ্টেম্বর ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য:</u> অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা সভাকে জানান যে, হরিরামপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সেপ্টেম্বর ২০২৩ মাসে হরিরামপুর থানায় মোট ০৩টি মামলা রুজু হয়েছে। এরমধ্যে নারী ও শিশু আইনে-০১টি ও মারামারির মামলা-০২টি। এছাড়া ৪১টি গ্রেপ্তারী পরোয়ানা তামিল করা হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশী অভিযান অব্যাহত রয়েছে।	ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পুলিশ টহল অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ
০২	<u>সেপ্টেম্বর ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য ঃ</u> সেপ্টেম্বর/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ৪টি, জরিমানা আদায় করা হয়েছে ৫৯,০০০/- (উনষাট হাজার) টাকা। ২১/০৮/২০২৩ ইং তারিখে গোপীনাথপুর চরপাড়া রানার দোকানের সামনে মাদকদব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এ মামলার সংখ্যা-১ অর্থ দন্ড ১,০০০ টাকা । ২৫/০৯/২০২৩ হরিরামপুর উপজেলা গেটের সামনে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী ১টি মামলা হয় এবং ১০,০০০ টাকা অর্থদন্ড করা হয়। ২৭/০৯/২০২৩ ইং তারিখে চালা বাজার মোড়ে সড়ক পরিবহন আইন ২০১৮ এ মামলার সংখ্যা-০১টি এবং ১,০০০ টাকা অর্থদন্ড করা হয়।	উপজেলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	ক) উপজেলা নির্বাহী অফিসার খ) সহকারী কমিশনার (ভূমি)
০৩	সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত মানিকগঞ্জ জেলা কারাগারে হরিরামপুর উপজেলার কোন শিশু-কিশোর আটক নেই। ১৩জন শিশু-কিশোর সংশোধনাগারে ছিল তন্মধ্যে ০৮ জন সংশোধন হওয়ায় বেকসুর খালাশ পেয়েছে।	নিয়মিত সভায় তথ্য উপস্থাপন করতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
০৪	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মা ইলিশ রক্ষা কর্মসূচি বাস্তবায়নে ৪৭০জন জেলেকে ভিজিএফ চাউল বিতরণ করা হয়েছে। পদ্মা নদীতে মা ইলিশ রক্ষায় অভিযান অভ্যাহত আছে। ০২ নভেম্বও পর্যন্ত প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আহ্বান করেন।	নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
০৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে চালা ইউনিয়নে সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে।	নিয়মিত উঠান বৈঠক অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৩	চেয়ারম্যান, কাঞ্চনপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান যে, কাঞ্চনপুর ইউনিয়নে অবৈধভাবে ড্রেজার দিয়ে নদী থেকে বালু উত্তোলন করা হচ্ছে। এ কারণে এলাকায় মারামারির ঘটনা ঘটেছে। তিনি অবৈধ ড্রেজার দ্বারা বালু উত্তোলন বন্ধের আহ্বান জানান।	নদী থেকে অবৈধভাবে ড্রেজার দ্বারা বালু উত্তোলন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি)

CamScanner

০৪	চেয়ারম্যান, বাল্লা ইউনিয়ন পরিষদ জানান যে, বাল্লা ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এলাকায় মাদকের খাদকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এ অবস্থা চলতে থাকলে সন্ত্রাস ও নাশকতা বেড়ে যাবে। তিনি বাল্লা ইউনিয়নে নিয়মিত বিট পুলিশের টহল অব্যাহত রাখার আহ্বান জানান।	১। বিট পুলিশের টহল নিয়মিত করতে হবে। ২। সন্ত্রাস ও নাশকতা বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। অফিসার ইনচার্জ ২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)
০৫	চেয়ারম্যান, চালা ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এলাকায় রাত্রি কালীন পাহাড়ায় গ্রাম পুলিশদের দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	এলাকার আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)
০৬	চেয়ারম্যান, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদক নিয়ন্ত্রণে পুলিশী অভিযান অব্যাহত রাখতে অফিসার ইনচার্জকে অনুরোধ জানান।	মাদক নিয়ন্ত্রণে পুলিশের অভিযান অব্যাহত রাখতে হবে।	ক) অফিসার ইনচার্জ খ) চেয়ারম্যান গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ

সভাপতি সুষ্ঠুভাবে শারদীয় দুর্গাপূজা সমাপ্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আগত জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে যাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না হয় এ বিষয়ে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান। এলাকার যে কোন ঘটনা তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। নিয়মিত বাজার মনিটরিং করার জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। প্রতিটি ইউনিয়নে নিয়মিত আইন-শৃঙ্খলা কমিটির সভা করে যথারীতি সভার কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৩

মোঃ শাহরিয়ার রহমান
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner

স্মারক নং-০৫.৩০.৫৬২৮.০০০.০৭.০৫০.২৩- ৭৬৩/১(৪০)

১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ---------------------
৩০ অক্টোবর ২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা .... কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ....
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner